# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮৩

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৪১. সমুদ্রের পানি দ্বারা অযু করা প্রসঙ্গে

## باب الْوُضُوءِ بِمَاءِ الْبَحْرِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ، عَنْ مَالِكٍ، عَنْ صَفْوَانَ بْنِ سُلَيْمٍ، عَنْ سَعِيدِ بْنِ سَلَمَةَ ـ مِنْ آلِ ابْنِ الأَزْرَقِ ـ أَنَّ الْمُغِيرَةَ بْنَ أَبِي بُرْدَةَ ـ وَهُوَ مِنْ بَنِي عَبْدِ الدَّارِ ـ أَخْبَرَهُ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ، يَقُولُ: سَأَلَ رَجُلٌ النَّبِيَّ صلي الله عليه وسلم فَقَالَ: يَا رَسُولَ اللهِ إِنَّا نَرْكَبُ الْبَحْرَ وَنَحْمِلُ مَعَنَا الْقَلِيلَ مِنَ الْمَاءِ فَإِنْ تَوَضَّأْنَا بِهِ عَطِشْنَا، أَفَنَتَوَضَّأُ بِمَاءِ الْبَحْرِ؟ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " هُوَ الطَّهُورُ مَاؤُهُ الْحِلُّ مَيْتَتُهُ " .

ـ صحيح

বাংলা

৮৩। আবূ হুরাইরাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করল, হে আল্লাহর রসূল! আমরা সমুদ্রে যাত্রা করি এবং পান করার জন্য সাথে সামান্য (মিঠা) পানি বহন করি। আমরা যদি তা দিয়ে অযু করি তাহলে পিপাসায় থাকতে হয়। সুতরাং এরূপ অবস্থায় আমরা সমুদ্রের পানি দিয়ে অযু করব কী? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ সমুদ্রের পানি পবিত্র এবং তার মৃত প্রাণী (খাওয়া) হালাল।[1]

সহীহ।

## English

Narrated AbuHurayrah:

A man asked the Messenger of Allah (ﷺ): Messenger of Allah, we travel on

the sea and take a small quantity of water with us. If we use this for ablution, we would suffer from thirst. Can we perform ablution with sea water? The Messenger (ﷺ) replied: Its water is pure and what dies in it is lawful food.

## ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ সমুদ্রের পানি পবিত্র, হাঃ ৬৯), নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ সমুদ্রের পানি, হাঃ ৫৯ এবং অধ্যায়ঃ পানি, অনুঃ সমুদ্রের পানি দ্বারা উযু করা, হাঃ ৩৩১)। ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ সমুদ্রের পানি দ্বারা উযু করা, হাঃ ৩৮৬) মালিক (১২) শাফিঈ 'কিতাবুল উম্ম' (অধ্যায়ঃ পবিত্রতা, ১/৩)। দারিমী (অধ্যায়ঃ উযু, অনুঃ সমুদ্রের পানি দ্বারা উযু করা, হাঃ ৭২৯)। আহমাদ (২/২৩৭, ৩৬১, ৩৯৩) ইবনু খুযাইমাহ (১১১), ইবনু হিববান (১১৯-১২০) আবূ হুরাইরাহ সূত্রে।

-

হাদীস থেকে শিক্ষাঃ

১। সমুদ্রের পানি পাক।

২। সমুদ্রের প্রাণী, যা কেবল সমুদ্রেই বসবাস করে (স্থলে নয়) তা হালাল।

৩। কোনো মুফতি কোনো বিষয়ে জিজ্ঞাসিত হলে তিনি যদি বুঝতে পারেন যে, প্রশ্নকারীকে উক্ত মাসআলাহ সংশ্লিষ্ট অন্যান্য দিকও অবহিত করার প্রয়োজন আছে, তবে তাঁর জন্য মুস্তাহাব হচ্ছে প্রশ্নকারীকে তৎসংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদিও জানিয়ে দেয়া। কেননা প্রশ্নের জবাবে অতিরিক্ত তথ্য সংযোজনে পরিপূর্ণ উপকার পাওয়া যায়। যেমন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বাণীঃ "এবং সমুদ্রের মৃত হালাল।" এ অতিরিক্ত সংযোজন শিকারীদের জন্য উপকারী। আর প্রশ্নকর্তাও তাদেরই একজন ছিলেন। এটা ফাতাওয়াহর উপকারী দিক।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57401

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন